যুগান্তর

তারিখ 09 FEB 2016
পৃষ্ঠা ২৬ কলাম ৪

# বকশীগঞ্জ গুদামে পড়ে আছে ২০ হাজার পাঠ্যবই

বকশীগঞ্জ প্রতিনিধি

বকশীগঞ্জ উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক পর্যায়ে প্রায় ২০ হাজার পিস পাঠ্য বই গুদামে নষ্ট হচ্ছে। গত বছর উপজেলার শিক্ষার্থীদের জন্য বইগুলো বরাদ্দ দেয়া হয়েছিল। জানা গেছে, বকশীগঞ্জে গত ২০১৫ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণীর ২ হাজার ৬২৩টি বই, দ্বিতীয় শ্রেণীর ৩ হাজার ৪৯৪টি বই, তৃতীয় শ্রেণীর ২ হাজার ৪৬১টি বই, চতুর্থ শ্রেণীর ২ হাজার ৬১৯টি বই ও পঞ্চম শ্রেণীর ৩ হাজার ৮৭৭টি বই উদ্বৃত্ত দেখানো হয়েছে। এসব পাঠ্য বইগুলো উপজেলা অডিটরিয়ামে এক বছর যাবত পড়ে রয়েছে। অন্য দিকে মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন শ্রেণীর প্রায় ৫ হাজার পাঠ্য বই নষ্ট হচ্ছে উপজেলা পরিত্যক্ত আদালত ভবনের হাজত খানায়। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) স্বর্ণজিৎ দেব জানান, ২০১৫ শিক্ষাবর্ষে শিক্ষাপ্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক বই বরাদ্দ নেয়া হয়।



জামালপুরের বকশীগঞ্জে গত বছরের মাধ্যমিক স্তরের বিভিন্ন শ্রেণীর পাঠ্যবই পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে